



# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-০১/২০২১

তারিখ : ১৯ জৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ  
০২ জুন, ২০২১ খ্রীষ্টাব্দ

সকল নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান  
এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ

প্রিয় মহোদয়,

### ইএসএফ নীতিমালা-২০১৮ সংশোধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গত ২৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রীষ্টাব্দ/১২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার লেটার নং-০১/২০২০(সংশোধিত ইএসএফ নীতিমালা) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত নীতিমালার ৮.৭ এবং ২৫.১ নং অনুচ্ছেদে দড় সুদ আরোপের বিষয়টি সুস্পষ্টীকরণের লক্ষ্যে নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হলো :

| অনুচ্ছেদ নং | বিদ্যমান নির্দেশনা  | সংশোধিত নির্দেশনা   |
|-------------|---|---|
| ৮.৭         | ..... নির্ধারিত সময়ে কিস্তি পরিশোধে ব্যর্থ হলে অতিরিক্ত ২% দড় সুদ আরোপ করা হবে।   | ..... নির্ধারিত সময়ে কিস্তি পরিশোধে ব্যর্থ হলে পরিশোধনীয় (Due) অর্থের উপর অতিরিক্ত ২% দড় সুদ আরোপ করা হবে।   |
| ২৫.১        | ..... নির্ধারিত সময়ে কিস্তি পরিশোধে ব্যর্থ হলে অতিরিক্ত ২% দড় সুদ আরোপ করা হবে। তবে কোন প্রকল্প ইচ্ছা করলে Moratorium/Grace Period এর মধ্যেও গৃহীত ঋণের অর্থ পরিশোধ করতে পারবে। | ..... নির্ধারিত সময়ে কিস্তি পরিশোধে ব্যর্থ হলে পরিশোধনীয় (Due) অর্থের উপর অতিরিক্ত ২% দড় সুদ আরোপ করা হবে। তবে কোন প্রকল্প ইচ্ছা করলে Moratorium/Grace Period এর মধ্যেও গৃহীত ঋণের অর্থ পরিশোধ করতে পারবে। |

২৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখের সার্কুলার লেটার নং-০১/২০২০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্ৰ চক্ৰবৰ্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোন : ৯৫৩০২১২

E-mail : parimal.chakraborty@bb.org.bd